

জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত ও ইমামতি

রচয়িতা/সম্প্রকাশকঃ মুফাফফুর বিন মুহসিন

(8) ছালাতের সময় লুঙ্গি, প্যান্ট গুটিয়ে নিয়ে ছালাত আদায় করা

(8) ছালাতের সময় লুঙ্গি, প্যান্ট গুটিয়ে নিয়ে ছালাত আদায় করা :

সমাজের অধিকাংশ মানুষই টাখনুর নীচে কাপড় ঝুলিয়ে পরে থাকে। এই নোংরা স্বভাবের বিরুদ্ধে হাদীছে কঠোর নিষেধাজ্ঞা থাকলেও কোন গুরুত্ব নেই। যারা মুছল্লী তারা শুধু ছালাতের সময় টাখনুর উপরে কাপড় রাখার চেষ্টা করে। অথচ এটা এক ধরনের প্রতারণা। কারণ সর্বাবস্থায় টাখনুর নীচে কাপড় পরিধান করা নিষিদ্ধ। এটি গহ্রিত অন্যায়। অন্যত্র এসেছে, যে ব্যক্তি টাখনুর নীচে কাপড় পরবে, কিয়ামতের দিন আল্লাহ তার সাথে কথা বলবেন না, তার দিকে তাকাবেন না এবং তাকে পবিত্র করবেন না; বরং তার জন্য রয়েছে জাহানামের কঠিন শাস্তি।[1]

বিশেষ করে ছালাত সম্পর্কে অন্য হাদীছে এসেছে,

عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ يَقُولُ مَنْ أَسْبَلَ إِزَارَهُ فِي صَلَاتِهِ خُيَلَاءَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي حِلٍّ وَلَا حَرَامٍ.

ইবনু মাসউদ (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি, ‘যে ব্যক্তি ছালাতের মধ্যে টাখনুর নীচে কাপড় পরে, সে হালালের মধ্যে আছে, না হারামের মধ্যে আছে তা আল্লাহর যায় আসে না’।[2] উক্ত হাদীছে টাখনুর নীচে কাপড় ঝুলিয়ে ছালাত আদায়কারী মুছল্লীর জন্য সতর্কবাদী উচ্চারিত হয়েছে। উল্লেখ্য যে, জামা বা জামার হাতা গুটিয়ে ও বোতাম খুলে ছালাত আদায় করা উচিত নয়; বরং স্বাভাবিক রাখতে হবে।[3]

ফুটনোট

[1]. মুসলিম হা/৩০৬, ১/৭১ পৃঃ; মিশকাত হা/২৭৯৫; আবুদাউদ, সনদ ছহীহ, মিশকাত হা/৪৩৩২।

[2]. আবুদাউদ হা/৬৩৭, ১/৯৩ পৃঃ, সনদ ছহীহ; আওনুল মাবুদ ২/৩৪০।

[3]. মুত্তাফাক আলাইহ, বুখারী হা/৮০৯, ১/১১২ পৃঃ, (ইফারা হা/৭৭২, ২/১৩৬ পৃঃ); মুসলিম হা/১১২৩; মিশকাত হা/৮৮৭; বঙ্গানুবাদ মিশকাত হা/৮২৭, ২/২৯৭ পৃঃ।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1887>

১. হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন